দৃশ্যকল্প–১ : মাত্র ২২ বছর বয়সে সিরাজউদ্দৌলা সিংহাসনে বসেন। তিনি দেশি ও বিদেশি ষড়যন্ত্রে ৰমতাচ্যুত হন।

দৃশ্যকল্প–২ : ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলার শাসন ৰমতায় চলে আসে। শাসন ব্যবস্থাকে রাজাস্ব আদায় ও প্রশাসন পরিচালনায় ভাগ করে।

ক. কত সালে ফখরউদ্দিন মোবারক শাহ স্বাধীন সুলতানী যুগ প্রতিষ্ঠা করেন? ১

খ. চিরস্থায়ী বন্দোবস্ত বলতে কী বোঝায়? ২

গ. দৃশ্যকল্প–১ বাংলার ইতিহাসের কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "দৃশ্যকল্প–২ এর ফল ছিয়াত্তরের মন্বন্তর" উক্তিটি বিশেরষণ কর। ৪

▶◀ ৩নং প্রশ্নের উত্তর ▶◀

ক. ১৩৩৮ সালে ফখরউদ্দীন মোবারক শাহ স্বাধীন সুলতানি যুগ প্রতিষ্ঠা করেন।

খ. ১৭৯৩ সালে কর্নওয়ালিস প্রশাসন কর্তৃক ইস্ট ইন্ডিয়া কোম্পানি সরকার ও বাংলার জমি মালিকদের (সকল শ্রেণীর জমিদার ও স্বতন্ত্র তালুকদারদের) মধ্যে সম্পাদিত একটি যুগান্তকারী চুক্তি। এ চুক্তির আওতায় জমিদার ঔপনিবেশিক রাষ্ট্রব্যবস্থায় ভূ–সম্পত্তির নিরঙ্কুশ স্বত্বাধিকারী হন।

গ. দৃশ্যকল্প–১ বাংলার ইতিহাসের কলঙ্কজনক অধ্যায় বাংলায় ইংরেজ শক্তির উত্থানকে ইঙ্গিত করে। তরবণ নবাব সিরাজউদ্দৌলার বিরবদ্ধে তাঁর খালা ঘসেটি বেগম, মীরজাফর, মীর কাসিম, উমিচাঁদ, জগতশেঠ ও রাজবলরভ ষড়যন্ত্রে লিপ্ত হলে ইংরেজ বণিকরা তাদের সাথে যোগ দেয়। এ সুযোগে মাদ্রাজ থেকে সৈন্যবাহিনী নিয়ে ইরেজ সেনাপতি ওয়াটসন ও ক্লাইভ কলকাতা দখল করে নেয়। এরপর নবাবের রাজধানী মুর্শিদাবাদ দখল করতে ক্লাইভ পলাশির আম্রকাননে উপস্থিত হয়। ১৭৫৭ সালের ২৩ শে জুন সে যুদ্ধে প্রবীণ সেনাপতি মীর জাফরের বিশ্বাসঘাতকতায় বাংলা–বিহার–উড়িষ্যার নবাব সিরাজউদ্দৌলার পরাজয় ঘটে। নবাবকে নির্মমভাবে হত্যা করা হয়। বিজয়ের পর মীর জাফরকে নবাব বানালেও মূল ৰমতা চলে যায় ধূর্ত ও দুর্ধর্ষ ইংরেজ সেনাপতি রবার্ট ক্লাইভের হাতে।
উদ্দীপকে এ বিষয়টিরই ইঙ্গিত করে বলা হয়েছে যে, মাত্র ২২ বছর বয়সে সিরাজদ্দৌলা সিংহাসনে বসে দেশি বিদেশি ষড়যন্ত্রে ৰমতাচ্যুত হন।

ঘ. "দৃশ্যকল্প–২ এর ফল ছিয়াত্তরের মন্বন্তর" উক্তিটি যথার্থ।
দৃশ্যকল্প–২ এ বাংলায় দ্বৈতশাসন ব্যবস্থা ফুটে উঠেছে। ক্লাইভ বাংলায় কিছুকাল দ্বৈতশাসন চালিয়ে যান। দ্বৈতশাসন ছিল একটি অদ্ভূত ব্যবস্থা। এ ব্যবস্থায় রাজস্ব আদায়, সামরিক ব্যবস্থা এবং প্রশসন পরিচালনার ৰমতা রইল কোম্পানীর হাতে। আর নবাব হলেন নামেমাত্র শাসক। এভাবেই নবাব হলেন ৰমতাহীন দায়িত্ব পালনকারী। অন্যদিকে কোম্পানীর শাসকরা হলেন দায়িত্বহীন ৰমতাবান। রাজস্বের দায়িত্ব পেয়ে ইংরেজরা প্রজাদের ওপর অতিরিক্ত করের বোঝা চাপিয়ে তা আদায়ে প্রচণ্ড চাপ সৃষ্টি করে। এর ওপর ১৭৬৮ সাল থেকে তিন বছরের অনাবৃষ্টির ফলে দেশে দুর্ভিৰ দেখা দেয়। এটিই ইতিহাসে ছিয়াত্তরের মন্বন্তর নামে পরিচিত।

উদ্দীপকে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলার শাসন ৰমতায় চলে এসে শাসন ব্যবস্থাকে রাজস্ব আদায় ও প্রশাসন পরিচালনায় ভাগ করার কারণেই ১৭৬৮ সালে দুর্ভিৰ দেখা দেয়। যা ইতিহাসে ছিয়াত্তরের মন্বন্তর নামে পরিচিত পায়। এ প্রেৰাপটে যথার্থই বলা যায়, দৃশ্যকল্প-২ এর ফল ছিয়াত্তরের মন্বন্তর।

প্রশ্ন -৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রায়ান তার দাদার কাছ থেকে ১৬৮০-৮৩ সালের একটি ঐতিহাসিক ঘটনা শুনে বুঝতে পারে এদেশে একসময় বিভিন্ন দেশের ব্যবসায়ীরা বাণিজ্য করত। তারা তাদের স্বার্থ হাসিল করার জন্য নানা কৌশল অবলম্বন কর থাকত। তবে এতে একটি দেশের ব্যবসায়ীরা বেশী লাভভান হয়।

ক. ইউরোপের শান্তি চুক্তি কী নামে পরিচিত। ১

খ. 'ইকলিম' ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উলিৱখিত সময়ে লাভবানকৃত দেশটির বাণিজ্য বিস্তারের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ.বাংলার অভ্যন্তরের কোন্দলই কি উক্ত দেশটির বিজয়ের পিছনে কাজ করেছে? পাঠপুস্তকের আলোকে তুরে ধর। ৪

▶◀ ৪নং প্রশ্নের উত্তর ▶◀

ক. ইউরোপের শান্তি চুক্তি ওয়েস্টফালিয়ার চুক্তি নামে পরিচিত।

খ. ১২০৬ সালে বখতিয়ার খলজির মৃত্যুর পর থেকে ১৩৩৮ সাল পর্যন্ত বাংলা জুড়ে মুসলিম শাসনের বিস্তার ঘটতে থাকে। এ সময়ের মধ্যে বাংলার তিনটি অংশে দিলিৱর মুসলিম সুলতানদের তিনটি প্রদেশ বা বিভাগ প্রতিষ্ঠিত হয়। বিভাগগুলোকে ফারসি ভাষায় 'ইকলিম' বলা হতো। উত্তর বাংলা জুড়ে প্রতিষ্ঠিত ছিল ইকলিম লখনৌতি, পশ্চিম বাংলায় ইকলিম সাতগাঁও এবং পূর্ব বাংলায় ইকলিম সোনারগাঁও।

গ. উলিৱখিত সময়ে তথা ১৬৮০ এই সময়ে যেমন : ১৬৮০-৮৩ এই চার বছরে শুধু ইংল্যান্ড থেকে বাংলার রপ্তানি আর দাঁড়ায় দুই লৰ পাউন্ড বা তৎকালীন হিসাবে আঠার লৰ টাকা। অর্থাৎ এ সময়ে লাভবানকৃত দেশটি হচ্ছে ইংল্যান্ড। আর এ সময়ে ইংল্যান্ডের বাণিজ্য বিস্তারের কারণ হলো পুঁজির জোর আর উন্নত কারিগরি জ্ঞানের সমন্বয়।

পুঁজির জোর আর উন্নত কারিগরি জ্ঞানের সমন্বয় করে ইংরেজ বণিকরা এদেশের স্থানীয় শ্রমিকদের খাটিয়ে বড় বড় শিল্পকারখানা স্থাপন করে প্রচুর মুনাফা অর্জন করতে থাকে। এ সময় ইংরেজরা অনেকগুলো কারখানা চালাত, এভাবে যখন এদেশে ইংরেজদের ব্যবসা ফুলে ফেঁপে উঠে, তখন বাংলা থেকে প্রচুর অর্থ ইংল্যান্ডে পাচার হতো। পাচারকৃত সম্পদের প্রাচুর্যের কথা স্বয়ং ক্লাইভ ইংল্যান্ড পার্লামেন্টে সবিষ্ময়ে উলেৱখ করেছিলেন। ১৬৮২ সালে বাংলার ইংরেজ কোম্পানিগুলোর গভর্ণর হিসেবে উইলিয়াম হেজেজ হুগলিতে আসেন। এ সময় বাংলার সুবেদার শায়েস্তা খানের বিভিন্ন স্তরের কর্মচারীদের দূর্নীতির কারণে ইংরেজদের ব্যবসায়ের ৰতি তিনি সরেজমিনে প্রত্যৰ করেন এবং ইংল্যান্ডের রাজা দ্বিতীয় জেমসকে বুঝিয়ে ১৬৮৬ সালে স্বদেশ থেকে সৈন্য এনে যুদ্ধের প্রস্তুতি নেন। ১৬৮৭ থেকে ১৬৯০ পর্যন্ত ইংরেজদের সাথে মোগল শক্তির বেশ কয়েকটি খন্ড যুদ্ধ হয় এবং শেষ পর্যন্ত ইংরেজরা তাদের ব্যবসায়িক সুবিধা আদায় করে এক ঢিলে দুই পাখি মারে। তারা এখানে তাদের কুঠি ও কারখানা তৈরি এবং সৈন্য রেখে ব্যবসায়ের অধিকার পায়। আবার সাথে সাথে প্রতিদ্বন্দ্বী অন্য ইউরোপীয় শক্তির উপর প্রাধান্য লাভ করে। এভাবেই বাংলা তথা ভারতীয় উপমহাদেশে ইংল্যান্ডের বাণিজ্য বিস্তার লাভ করে।

ঘ. বাংলার অভ্যন্তরের কোন্দলই উক্ত দেশ তথা ইংল্যান্ডের বিজয়ের পেছনে অগ্রণী ভূমিকা পালন করেছে।

আলিবর্দীর মৃত্যুর পর তার প্রিয় নাতি সিরাজউদ্দৌলা মাত্র ২২ বছর বয়সে সিংহাসনে বসলেন। তার সামনে এক দিকে উদীয়মান ইংরেজ শক্তি ও হামলাকারী বর্গিদের সামলানোর কঠিন কাজ আর অন্যদিকে বড় খালা ঘসেটি বেগম ও সিপাহসালার মীরজাফর আলী খানের মতো ঘনিষ্ঠজনদের ষড়যন্ত্র মোকাবিলার কাজ। সিরাজের বিরবদ্ধে তৃতীয় আরেকটি পৰও কাজ করেছে যথা : অর্থনৈতিক কর্মকাণ্ডের বিস্তার ঘটার সাথে সাথে ভারতের বড় বড় ব্যবসাকেন্দ্রগুলোতে ৰমতালোভী ভারতীয় বণিক সমাজের অভ্যুদয় ঘটে। বাংলায় রাজপুতনা থেকে আগত মারওয়াড়িরা এই ৰমতাবান বণিক। তারাও ব্যবসায়িক স্বার্থে ইংরেজ বণিকদের পৰে যোগ দেয় ও বাংলার নবাবের বিরবদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়। অভ্যন্তরীণ এ কোন্দলকে যদিও ইংল্যান্ডের বিজয়ের প্রধান কারণ ধরা হয়, তবে এছাড়া আরও কিছু কারণ রয়েছে যেমন : শাসকদের প্রতি বাংলার জনগণের বিমুখতা ও উদাসীনতা; ইংরেজদের অর্থনৈতিক ও সামারিক শক্তি ছিল বেশ শক্তিশালী; এবং সিরাজউদ্দৌলার অদৰতা।

উপরোক্ত আলোচনার পরিপ্রেৰিতে আমরা বলতে পারি বাংলার অভ্যন্তরের কোন্দল ইংল্যান্ডের বিজয়ের পেছনে কাজ করেছে সত্য, কিন্তু এটিই একমাত্র কারণ নয়।

প্রশ্ন -৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

'ক' এলাকায় বণিক শ্রেণির কিছু লোক বাহির থেকে ব্যবসার উদ্দেশ্যে এসে রাষ্ট্র ৰমতা দখল করে। স্থানীয় লোকজনকে বিভিন্নভাবে শাসন-শোষণ করে এবং নিজ দেশে সম্পদ পাচার করে। স্থানীয় জনগণ সচেতন হওয়ায় এক সময় তাদেরকে নিজ দেশে চলে যেতে হয়।

ক. ভাস্কো-ডা-গামা কত সালে কালিকট বন্দরে পৌছে? ১

খ. পুঁজি পাচার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উলিৱখিত ঘটনাবলি বাংলার ইতিহাসের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ."উক্ত বণিক শ্রেণির রাষ্ট্র ৰমতা দখলের পিছনে রয়েছে বাংলার শাসকদের অভ্যন্তরীণ কোন্দল ও চক্রান্ত"- বিশেৱষণ কর। ৪

◀◀ ৫নং প্রশ্নের উত্তর ▶▶

ক. পর্তুগিজ নাবিক ভাস্কো-ডা-গামা ১৪৯৮ সালে কালিকট বন্দরে পৌঁছে।

খ. ব্যাপকহারে অর্থ ও সম্পদ দেশের বাইরে চলে যাওয়াকে পুঁজি পাচার বলে। ইতিহাস থেকে জানা যে, সম্রাট জাহাঙ্গীর বিভিন্ন অজুহাতে বাংলার কোষাগার থেকে টাকা ও সম্পদ নিতে শুরব করেন। সুবেদার শায়েস্তা খান ও সুবেদার সুজাউদ্দিনও বাংলা থেকে প্রচুর টাকা ও সম্পদ দিলিরতে নিয়ে যান। যা পুঁজি পাচার হিসেবে বিবেচিত।

গ. উদ্দীপকে উলিরখিত ঘটনাবলি বাংলার ইতিহাসের ইংরেজ শক্তির উত্থান ও তাদের পরিণতিকে স্মরণ করিয়ে দেয়। দি ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি ধীরে ধীরে এদেশের তাদের প্রতিপত্তি বাড়িয়ে নবাবের দরবারে প্রভাব বিস্তারের মতো ৰমতা ভোগ করতে শুরব করে। ১৭৫৬ সালে আলিবর্দী খাঁর মৃত্যুর পর ৰমতার উত্তরাধিকার নিয়ে নবাব পরিবার এবং রাজপ্রাসাদের অভিজাতদের মধ্যে যে দ্বন্দ্ব শুরব হয় কোম্পানির কর্তারা তার সুযোগ নিতে কসুর করে নি। ১৭৫৭ সালের ২৩ শে জুন পলাশীর যুদ্ধে প্রবীণ সেনাপতি মীরজাফরের বিশ্বাসঘাতকতায় বাংলা-বিহার উড়িষ্যার নবাব সিরাজউদ্দৌলার পরাজয় ঘটে। ৰমতা চলে যায় ধূর্ত ও দুর্ধর্ষ ইংরেজ সেনাপতি রবার্ট ক্লাইভের হাতে। শেষ পর্যন্ত ১৭৬৫ সালে ক্লাইভ দিলিরর সম্রাটের কাছ থেকে আনুষ্ঠানিকভাবে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করেন। অতঃপর প্রায় দুইশ বছর ইংরেজরা স্থানীয় লোকজন তথা বাংলা ও ভারতবর্ষ শাসন শোষণ করে; নানাভাবে, নানা কৌশলে। তবে তাদের শত প্রচেষ্টাও তাদের শাসনকে স্থায়ী করেনি। ব্রিটিশদের অনুগত শ্রেণি সৃষ্টিতে তারা ইংরেজ শিৰার প্রসার ঘটায়। কিন্তু ফলাফলে শিৰিত শ্রেণির মধ্যে জাতীয়তাবোধের উন্মেষ ঘটে। সমগ্র বাংলাকে বরং পুরো ভারতবর্ষকে তারা কুসংস্কারমুক্ত, সচেতন ও দেশেপ্রেমে উদ্বুদ্ধ জনগোষ্ঠীতে পরিণত করে। স্থানীয় জনগণের এ সচেতনতায় তথা জাতীয়তাবোধের চেতনার বলে ইংরেজরা ১৯৪৭ সালের আগস্টে এদেশ ছেড়ে যেতে বাধ্য হয়। উদ্দীপকটি ইংরেজদের এ উত্থান পতনের ঘটনাই স্মরণ করিয়ে দেয়।

ঘ. উক্ত বণিক তথা ইংরেজ বণিক শ্রেণির রাষ্ট্র ৰমতা দখলের পেছনে রয়েছে বাংলার শাসকদের অভ্যন্তরীণ কোন্দল ও চক্রান্ত।

১৭৫৬ সালে আলিবর্দী খাঁর মৃত্যুর পর ৰমতার উত্তরাধিকার নিয়ে নবাব পরিবার এবং রাজপ্রাসাদের অভিজাতদের মধ্যে দ্বন্দ্ব শুরব হয়। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর কর্তারা এটিকে বাংলার ৰমতা গ্রহণের মহাসুযোগ হিসেবে গ্রহণ করে। এছাড়া তরবণ নবাব সিরাজউদ্দৌলার বিরবদ্ধে তাঁর খালা ঘসেটি বেগম, মীরজাফর মীরকাসিমসহ রাজদরবারের প্রভাবশালী ব্যক্তিবর্গ এবং উমিচাঁদ, জগৎ শেঠ ও রাজবলরভদের মতো তৎকালীন ধনী অভিজাতদের একটি অংশ গভীর চক্রান্তে লিপ্ত হয়। এমতাবস্থায় ইংরেজ বণিকরা চক্রান্তকারীদের মদদ দিতে থাকে। অন্তর্দ্বন্দ্ব ও অভ্যন্তরীণ চক্রান্তের সুযোগ কাজে লাগিয়ে ইংরেজ সেনাপতি ওয়াটসন ও ক্লাইভ সৈন্য বাহিনী নিয়ে এসে কলকাতা দখল করে নেয়। এরপর নবাবের রাজধানী মুর্শিদাবাদ দখল করতে ক্লাইভ পলাশীর আম্রকাননে উপস্থিত হয়। ১৭৫৭ সালের ২৩ শে জুন সেই যুদ্ধে প্রবীণ সেনাপতি মীরজাফরের বিশ্বাসঘাতকতায় বাংলা-বিহার-উড়িষ্যার নবাব সিরাজউদ্দৌলার পরাজয় ঘটে এবং নবাবকে নির্মমভাবে হত্যা করা হয়। এরই সাথে সাথে বাংলার শাসনৰমতা চলে যায় ইংরেজ বণিকদের হাতে।

উপরোক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, ইংরেজ বণিক শ্রেণির রাষ্ট্রৰমতা দখলের পেছনে বাংলার শাসকদের আভ্যন্তরীণ কোন্দল ও চক্রান্তই দায়ী।

প্রশ্ন -৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

মোহাম্মদ আব্দুস ছামাদ যুবক বয়সে ঘিওর উপজেলার চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পান। কিন্তু প্রথম থেকেই তার কিছু নিকট আত্মীয়স্বজন নিজেদের স্বার্থ হাসিলের জন্য তার বিরবদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয় এবং পরবর্তীকালে তার কাজকর্ম পরিচালনার সময় বিভিন্ন সমস্যার সৃষ্টি করে তাকে ৰমতাচ্যুত করে।

ক. ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কত সালে কাশিম বাজারে বাণিজ্য কুঠি স্থাপন করে? ১

খ. পুঁজি পাচার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত কারণটি নবাব সিরাজউদ্দৌলার পতনের কোন কারণের সাথে মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত কারণটিই নবাব সিরাজউদ্দৌলার পতনের একমাত্র কারণ? তোমার উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

◀◀ ৬নং প্রশ্নের উত্তর ▶▶

ক. ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৬৫৮ সালে কাশিমবাজারে বাণিজ্য কুঠি স্থাপন করে।

খ. ব্যাপক হারে অর্থ ও সম্পদ দেশের বাইরে চলে যাওয়াকে পুঁজি পাচার বলে। ইতিহাস থেকে জানা যায় যে, সম্রাট জাহাঙ্গীর বিভিন্ন অজুহাতে বাংলার কোষাগার থেকে টাকা ও সম্পদ নিতে শুরব করেন। সুবেদার শায়েস্তা খান ও সুবেদার সুজাউদ্দিনও বাংলা থেকে প্রচুর টাকা ও সম্পদ দিলরীতে নিয়ে যান। এগুলোই পুঁজি পাচার হিসেবে বিবেচিত।

গ. উদ্দীপকে বর্ণিত কারণটি নবাব সিরাজউদ্দৌলার পতনের গুরবত্বপূর্ণ কারণ নিকট-আত্মীয় বড় খালা ঘসেটি বেগম ও সিপাহসালার মীর জাফর আলী খানের ষড়যন্ত্রের সাথে মিল আছে।

উদ্দীপকে বর্ণিত মোহাম্মদ আব্দুস সামাদ যুবক বয়সে ঘিওর উপজেলার চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পান। কিন্তু প্রথম থেকেই তার কিছু নিকট আত্মীয়স্বজন নিজেদের স্বার্থ হাসিলের জন্য তার বিরবদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয় এবং পরবর্তীকালে তার কাজকর্ম পরিচালনার সময় বিভিন্ন সমস্যার সৃষ্টি করে তাকে ৰমতাচ্যুত করে। তার এ ঘটনার সাথে নবাব সিরাজউদ্দৌলার তুলনা করলে দেখা যায়, তার আত্মীয়-স্বজন যেমন ঘসেটি বেগম ও মীর জাফর আলী খান তার পতনের জন্য প্রথম থেকেই ষড়যন্ত্র শুরব করে। নবাব সিরাজউদ্দৌলার পতনে এই ষড়যন্ত্র বিরাট ভূমিকা পালন করে। তিনি তরবণ বয়সে এদের ওপরই বেশি বিশ্বাস স্থাপন করেছিলেন। কিন্তু তার এসব নিকট আত্মীয়রা তার সাথে বিশ্বাসঘাতকতা করে নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য বিদেশিদের সাথে হাত মিলিয়েছিলেন।

ঘ. অনেকগুলো কারণেই নবাব সিরাজউদ্দৌলার পতন হয়েছিল। এর মধ্যে তাঁর নিকট আত্মীয়দের ষড়যন্ত্র একটি গুরবত্বপূর্ণ কারণ সন্দেহ নেই। তবে এ কারণটিই তার পতনের একমাত্র কারণ বলে আমি মনে করি না।

নবাব সিরাজউদ্দৌলার অনভিজ্ঞতা। কারণ তিনি মাত্র ২২ বছর বয়সে সিংহাসনের বসেন, তাঁর রাজ্য পরিচালনার কোন পূর্ব অভিজ্ঞতা ছিল না। উদীয়মান ইংরেজ শক্তি ও হামলাকারী বর্গিদের বিরবদ্ধে আক্রমণ করার মতো যথেষ্ট শক্তি নবাবের ছিল না। ভারতীয় বণিক সমাজের অভ্যুদয়ও নবাবের পতনের একটি অন্যতম কারণ। রাজপুতনা থেকে আগত মাওয়াড়িরা তাদের ব্যবসায়িক স্বার্থে ইংরেজ বণিকদের সাথে একযোগে নবাবের পতনে অংশগ্রহণ করে। কাজেই উপরিউক্ত আলোচনার প্রেৰিতে বলা যায় যে, কেবল নিকট আত্মীয়দের ষড়যন্ত্রেই নবাব সিরাজউদ্দৌলার পতন হয় নি। তার পতনের জন্য আরও কতকগুলো কারণ দায়ী ছিল।

প্রশ্ন –৭ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

৮ম শ্রেণির ছাত্র সাইম টেলিভিশনে মোগল শাসকের উপর নির্মিতি একটি প্রামাণ্য চিত্র দেখেছিল। তখন শাসকদের সম্পদের কোনো অভাব ছিলো না। জিনিসপত্রের দামও খুব সস্তা ছিল। কিন্তু সাধারণ মানুষের জিনিসপত্র কেনার সামর্থ ছিল না।

ক. মোগল সম্রাট আকবরের সেনাপতি ছিলেন কে? ১

খ. ইউরোপে যুদ্ধরত দেশগুলির মধ্যে সম্পাদিত শান্তি চুক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. সাইমের দেখা প্রামাণ্য চিত্রে কার শাসনামলের চিত্র প্রতিফলিত হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ."উদ্দীপকে বর্ণিত পরিস্থিতির ফলে বাংলায় ঔপনিবেশিক শক্তির বিজয় ঘটে"– মতামত দাও। ৪

৭নং প্রশ্নের উত্তর

ক. মোগল সম্রাট আকবরের সেনাপতি ছিলেন মানসিংহ।

খ. ১৬৪৮ সালে ইউরোপের যুদ্ধরত বিভিন্ন দেশের মধ্যে একটি শান্তিচুক্তি হয়। একে বলে ওয়েস্টফালিয়ার চুক্তি। এটি সম্পাদিত হওয়ার পর শান্তি প্রতিষ্ঠিত হলে বিভিন্ন ইউরোপীয় জাতি নতুন উদ্যমে বাণিজ্যের উদ্দেশ্যে বেরিয়ে পড়ে। এদের অধিকাংশের লক্ষ্য ছিল ভারতবর্ষ।

গ. সাইমের দেখা প্রামাণ্য চিত্রে শায়েস্তা খানের শাসনামলের চিত্র প্রতিফলিত হয়েছে।

সুবেদার শায়েস্তা খানের আমলে জিনিসপত্রের দাম অনেক সস্তা ছিল। কিন্তু তখন সাধারণত মানুষের দারিদ্র্য এমন পর্যায়ে পৌঁছেছিল যে, তাদের ক্রয়ক্ষমতা বলে আসলে কিছুই ছিল না। তাই চালসহ নিত্যব্যবহার্য জিনিস বা গরু ছাগলের দাম অবিশ্বাস্য রকম কম হলেও তা প্রজাদের কোনো উপকারে আসেনি।

উদ্দীপকে সাইমের দেখা প্রামাণ্য চিত্রের শাসকেরও সম্পদের কোনো অভাব ছিল না। জিনিসপত্রের দামও খুব সস্তা ছিল। কিন্তু সাধারণ মানুষের কেনার সামর্থ্য ছিল না।

সুতরাং বলা যায়, সাইমের দেখা প্রামাণ্য চিত্রে সুবেদার শায়েস্তা খানের শাসনামলের চিত্র প্রতিফলিত হয়েছে।

ঘ. উদ্দীপকে মুঘল শাসক সুবেদার শায়েস্তা খানের শাসনামলের চিত্র ফুটে উঠেছে। তার শাসনামলে বর্ণিত পরিস্থিতির ফলে বাংলায় ঔপনিবেশিক শক্তির বিজয় ঘটে।

সুবেদার শায়েস্তা খানের আমলে জিনিসপত্রের দাম অনেক সস্তা তখন সাধারণ মানুষের দারিদ্র্য এমন পর্যায়ে পৌঁছেছিল যে, তাদের ক্রয়ক্ষমতা বলে আসলে কিছুই ছিল না। তার সময় বাংলা থেকে প্রচুর অর্থ দিল্লিতে পাচার হতো। শুধুমাত্র ১৬৭৮ সালে তিনি একবার নগদ ৩০ লাখ টাকা মূল্যের সোনা পাঠান দিল্লিতে। এ ধারা পরবর্তী সময়ে কেবল বেড়েছেই। সুবেদার সুজাউদ্দিন তার ১১ বছরের সুবেদারি আমলে দিল্লিতে প্রায় ১৪ কোটি ৬৩ লাখ টাকা পাঠান। এভাবে বহুকাল ধরে বাংলা থেকে ব্যাপক হারে অর্থ সম্পদ বাইরে চলে যায়।

দীর্ঘকাল ধরে পুঁজি পাচারের ফলে বাংলার দারিদ্র্য ও গ্রাম সমাজের স্থবিরতা এতই প্রকট ও গভীর ছিল যে, বাণিজ্য বিস্তারের ফলে সৃষ্ট নতুন সুযোগ কাজে লাগানোর মতো উদ্দীপনা তাদের ছিল না। তারা শাসকদের প্রতি এতটাই উদাসীন ছিল যে, ইংরেজরা খুব সহজেই বাংলায় ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠা করতে পেরেছিল।

প্রশ্ন –৮ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

ছক–১	ছক–২
প্রতিষ্ঠাকাল – প্রতিষ্ঠান	**সাল – ঘটনা**
১৭৮১ – কলকাতা মাদরাসা	১৮৫৭ – সিপাহি বিদ্রোহ

১৭৯১ – সংস্কৃত কলেজ	১৯০৫ বঙ্গভঙ্গ
১৮৫৭ – কলকাতা বিশ্ববিদ্যালয়	১৯৪৭ – ভারতবর্ষের স্বাধীনতা

ক. পর্তুগিজ নাবিক ভাস্কো–ডা–গামা কোন সালে ভারতের কালিকট বন্দরে পৌঁছে? ১

খ. ইউরোপীয় বণিকদের বাণিজ্যের জন্য ভারতবর্ষ লব্য ছিল কেন? ২

গ. ছক–১ এ উলিরখিত বিষয়টি বাংলার ইতিহাসে কোন ঘটনাকে প্রতিফলিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ."ছক–২ এ উলিরখিত নিরবচ্ছিন্ন ধারাবাহিক আন্দোলনের ফলেই ঔপনিবেশিক শাসনের অবসান ঘটে।" তুমি কি এর সাথে একমত? যুক্তিসহ বিশেরষণ কর।

▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀

ক. পর্তুগিজ নাবিক ভাস্কো–ডা–গামা ১৪৯৮ সালে ভারতের কালিকট বন্দরে পৌঁছে।

খ. ইউরোপীয় বণিকদের বাণিজ্যের জন্য ভারতবর্ষ লব্য হওয়ার কারণ ছিল ভারতবর্ষের ধনসম্পদ। ভারতবর্ষ উর্বর দেশ ছিল এবং এখানে ধনসম্পদের প্রাচুর্য ছিল। এছাড়া ভারতবর্ষের অন্তর্ভুক্ত বাংলার সিল্ক ও অন্যান্য মিহি কাপড় এবং মসলা ইউরোপীয়দের প্রধান আকর্ষণ হয়ে ওঠে। এসব কারণে বাণিজ্যের জন্য ইউরোপীয় বণিকদের লব্য ছিল ভারতবর্ষ।

গ. ছক–১ এ উলিরখিত বিষয়টি বাংলার ইতিহাসে যে ঘটনাকে প্রতিফলিত করেছে তাহলো বাংলায় নবজাগরণ। ছক–১ এ কলকাতা মাদরাসা, সংস্কৃত কলেজ ও কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সময়কাল উলেরখ করা হয়েছে যা বাংলায় নবজাগরণের বিষয়কে নির্দেশ করে।

ইংরেজরা তাদের শাসন পাকাপোক্ত করার লব্যে দেশীয়দের মধ্য থেকে ইংরেজি শিৰায় শিৰিত একটি অনুগত শ্রেণি তৈরিতে মনোযোগ দেয়। এ উদ্দেশ্যে ১৭৮১ সালে ওয়ারেন হেস্টিংস কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। এরই ধারাবাহিকতায় হিন্দুদের জন্য ১৭৯১ সালে প্রতিষ্ঠা করা হয় সংস্কৃত কলেজ। তবে ইংরেজদের উদ্দেশ্য সাধনের পাশাপাশি আধুনিক শিৰার সংস্পর্শে এসে স্থানীয় মানুষের মধ্যে নতুন চেতনার স্ফুরণ ঘটতে থাকে।

রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ডিরোজিও প্রমুখ অবাধে মুক্তমনে জ্ঞানচর্চার ধারা তৈরি করেন। বাঙালির এই নবজাগরণ কলকাতা মহানগরীতে ঘটলেও এর পরোৰ প্রভাব সারা বাংলাতেই পড়ে।

ঘ. "ছক–২ এ উলিরখিত নিরবচ্ছিন্ন ধারাবাহিক আন্দোলনের ফলেই ঔপনিবেশিক শাসনের অবসান ঘটে।" এ বিষয়টির সাথে আমি একমত পোষণ করি।

ছক–২ এ উলিরখিত নিরবচ্ছিন্ন ধারাবাহিক ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ ও ১৯০৫ সালের বঙ্গভঙ্গ এবং এরই ধারাবাহিকতায় ১৯৪৭ সালে ভারতবর্ষের স্বাধীনতা অর্জন।

১৭৫৭ সালে বাংলা তথা ভারতবর্ষের শাসন ৰমতা ইংরেজদের হাতে চলে যায়। এ সময় ইংরেজ কোম্পানির শাসনে বৃহত্তর বাঙালি সমাজ প্রকৃতপৰে শোষিত হয়েছে। তাদের এই শোষনের বিরবদ্ধে ১৮৫৭ সালে ইংরেজ অধ্যুষিত ভারতের বিভিন্ন ব্যারাকে সিপাহীদের মধ্যে বিদ্রোহ ছড়িয়ে পড়ে। সিপাহিদের এই বিদ্রোহে ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের স্বাধীনচেতা শাসকরাও যোগ দেন। কিন্তু উন্নত অস্ত্র ও দৰ সেনাবাহিনীর সাথে চাতুর্য ও নিষ্ঠুরতার যোগ ঘটিয়ে ইংরেজরা এ বিদ্রোহ দমন করে। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ কার্যকর করা হয়।

বঙ্গভঙ্গকে কেন্দ্র করে ভারতবর্ষের হিন্দু–মুসলিম দুই সম্প্রদায়ের মধ্যে যে দ্বন্দ্ব তৈরি হয় বঙ্গভঙ্গ কার্যকর হওয়ার পর থেকে তা স্পষ্ট হয়ে ওঠে। বঙ্গভঙ্গকে কেন্দ্র করে বাঙালি হিন্দু নেতারা ভারতবর্ষে বিভিন্ন আন্দোলন শুরব করে। অবশেষে ১৯৪৭ সালে ভারতবর্ষ ইংজেদের নিকট থেকে স্বাধীনতা অর্জন করে।

প্রশ্ন –৯ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

জনাব 'ক' একটি ভিনদেশী বাণিজ্যিক কোম্পানির কর্মকর্তা ছিলেন। তারই ধূর্ততায় ১৭৬৫ সালে প্রতিষ্ঠানটি এক বিশেষ ৰমতা লাভ করে। এই ৰমতার কারণে স্থানীয় শাসকরা হয়ে পড়েন ৰমতাহীন। পৰান্তরে প্রতিষ্ঠানটির ৰমতা এতই বৃদ্ধি পায় যে তারা এক সময় সমগ্র দেশটাই দখল করে নেয়।

ক. পাল বংশের পর কোন রাজবংশ বাংলা শাসন করে? ১

খ. ছিয়াত্তরের মন্বন্তর কী? ২

গ. উদ্দীপকের ঘটনাটির সঙ্গে কোন ঐতিহাসিক ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত প্রতিষ্ঠানটির শাসনামলে দেশটির সামাজিক অবস্থার উন্নতি ঘটেছিল – পাঠ্যপুস্তকের আলোকে বিশেরষণ কর। ৪

▶◀ ৯নং প্রশ্নের উত্তর ▶◀

ক. পাল বংশের পর সেন রাজবংশ বাংলা শাসন করে।

খ. ১৭৬৫ সালে দেওয়ানি লাভের পর ইংরেজরা প্রজাদের ওপর অতিরিক্ত কর আদায়ে প্রচণ্ড চাপ সৃষ্টি করে। এছাড়া ইংরেজি ১৭৬৮ সাল থেকে টানা তিন বছর অনাবৃষ্টি দেখা দেয়। মূলত এ দুটি কারণেই বাংলা ১১৭৬ সনে দেশে যে মারাত্মক দুর্ভিৰ দেখা দেয় সেটাই ইতিহাসে ছিয়াত্তরের মন্বন্তর নামে পরিচিত।

গ. উদ্দীপকের ঘটনাটির সাথে ইংরেজদের 'দি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া' কোম্পানির বাংলার শাসন ৰমতা দখল করার ঘটনার সাদৃশ্য রয়েছে।

ধূর্ত রবার্ট ক্লাইভ ১৭৬৫ সালে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভের পর বাংলার রাজস্ব আদায়ের ৰমতা ইংরেজদের হাতে চলে যায়। প্রশাসনেও তাদের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। ক্লাইভ বাংলায় কিছুকাল দ্বৈতশাসন চালিয়ে যান। দ্বৈতশাসন ব্যবস্থায় রাজস্ব আদায়, সামরিক ব্যবস্থা এবং প্রশাসন পরিচালনার ৰমতা ইংরেজ কোম্পানির হাতে থাকে। এভাবেই নবাব ৰমতাহীন হয়ে পড়েন। অন্যদিকে কোম্পানির শাসকরা ৰমতাবান হন এবং এ সময় সমগ্র ভারতবর্ষ দখল করেন। অনুরূ পভাবে উদ্দীপকেও দেখা যায়, জনাব 'ক' একটি ভিনদেশি বাণিজ্যিক কোম্পানির কর্মকর্তা ছিলেন। তারই ধূর্ততায় ১৭৬৫ সালে প্রতিষ্ঠানটি এক বিশেষ ৰমতা লাভ করে। এই ৰমতার কারণে স্থানীয় শাসকরা ৰমতাহীন হয়ে পড়েন। পৰান্তরে প্রতিষ্ঠানটির ৰমতা এতই বৃদ্ধি পায় যে তারা এক সময় সমগ্র দেশটাই দখল করে নেয়।

ঘ. উক্ত প্রতিষ্ঠানটির অর্থাৎ ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনামলে দেশটির সামাজিক অবস্থার উন্নতি ঘটেছিল।

ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসকগণ তাদের শাসনকে স্থায়ীরূ প দেওয়ার জন্য বিভিন্ন পদৰেপ গ্রহণ করেছিলেন। এসকল কাজের উদ্দেশ্য নেতিবাচক হলেও তা দ্বারা বাংলার সামাজিক অবস্থার উন্নতি ঘটেছিল। শাসনৰমতাকে পাকাপোক্ত করার জন্য তারা দেশীয়দের মধ্য থেকে ইংরেজি শিৰায় শিৰিত একটি অনুগত শ্রেণি তৈরির প্রতি মনোযোগ দেয়। এ প্রেৰিতে ওয়ারেন হেস্টিংস ১৭৮১ সালে কলকাতা মাদরাসা প্রতিষ্ঠা করেন। এরই ধারাবাহিকতায় ১৭৯১ সালে প্রতিষ্ঠা করা হয় সংস্কৃত কলেজ। অবশেষে ১৮৫৭ সালে উচ্চতর শিৰা ও গবেষণার প্রতিষ্ঠান হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এসব প্রতিষ্ঠানের মাধ্যমে আধুনিক শিৰার সংস্পর্শে এসে স্থানীয় মানুষের মধ্যে নতুন চেতনার স্ফুরণ ঘটতে থাকে। হিন্দু সমাজ থেকে সতীদাহের মতো প্রথার বিরবদ্ধে আন্দোলন শুরব হয়, বিধবা বিবাহের পৰে মত তৈরি হয়। সর্বোপরি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনামলে বাংলার সামাজিক অবস্থার বেশ উন্নতি ঘটেছিল।

প্রশ্ন –১০ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

'A' নামধারী একটি বিদেশি শক্তি 'B' নামকধারী দেশটি দখল করে দ্বৈত শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করে। 'A' দেশে স্থায়ীভাবে থাকা তাদের কোনো উদ্দেশ্য ছিল না। এজন্য তারা পুঁজি পাচারের দিকে মনোযোগী হয়। অবশ্য 'B' দেশে এর অনেক আগে থেকেই বিদেশি শাসকরা এসেছিল যারা শাসন করার পাশাপাশি স্থায়ীভাবে বসবাস করেছিল।

ক. বার্নিয়ের কে ছিলেন? ১

খ. ঔপনিবেশিক শাসন বলতে কী বোঝ? ২

গ. দৃশ্যকল্পের শেষাংশে বর্ণিত শাসকদের সাথে সাদৃশ্যপূর্ণ বাংলার শাসকদের তালিকা তৈরি কর। ৩

ঘ.দৃশ্যকল্পের শেষাংশে উলিরখিত শাসকবৃন্দ নয় 'A' শক্তিই 'B' দেশে উপনিবেশ প্রতিষ্ঠা করেছিল– পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও। ৪

▶◀ ১০নং প্রশ্নের উত্তর ▶◀

ক. বার্নিয়ের ছিলেন একজন পর্যটক।

খ. কোনো দেশের উপর অন্য কোনো দেশের জুড়ে বসাকে দখলদারদের উপনিবেশ স্থাপন বলে। আর এই উপনিবেশে প্রতিষ্ঠা করা শাসনকে ঔপনিবেশিক শাসন বলা হয়।

গ. দৃশ্যকল্পের 'B' দেশের সাথে বাংলার শাসনব্যবস্থার সাদৃশ্য পাওয়া যায়। বাংলার ধনসম্পদের আকর্ষণে খ্রিস্টপূর্ব যুগে বহিরাগত শাসকদের আগমন ঘটেছিল। যারা স্থায়ীভাবে এ দেশ শাসন করতে এসেছিল। বাংলায় আগত বিদেশি শাসকরা হলো– মৌর্য সম্রাট মহামতি অশোক, গুপ্ত সাম্রাজ্য, সেন সাম্রাজ্য, তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খলজি, মোগল সাম্রাজ্য, ফখরউদ্দিন মুবারক শাহ, শের খান সুর, সম্রাট আকবর, সম্রাট জাহাঙ্গীর।

ঘ. দৃশ্যকল্পের শেষাংশে বাংলায় আগত যে সকল বিদেশি শাসকদের কথা বলা হয়েছে তারা এদেশে স্থায়ীভাবে শাসনের উদ্দেশ্যে এসেছিল। কিন্তু দৃশ্যকল্পের 'A' নামক দেশটি অর্থাৎ ইংরেজরা বাংলা শাসনের উদ্দেশ্যে নয়, এসেছিল বাণিজ্যের উদ্দেশ্যে।

কোনো দেশ দখল করে শাসন প্রতিষ্ঠা করলেই তাকে ঔপনিবেশিক শাসন বলা যায় না। কারণ দখলদার শক্তি স্থায়ীভাবে শাসন প্রতিষ্ঠা করতে আসে না। তারা জানে একদিন এই শাসনের পাঠ উঠিয়ে ফিরে যেতে হবে নিজ দেশে। তবে যতদিন শাসক হিসেবে থাকবে ততদিন সেই দেশের ধন–সম্পদ নিজ দেশে পাচার করবে। তারপর যখন তাদের শাসনের বিরবদ্ধে স্থানীয় মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠবে তখন তারা নিজ দেশে ফিরে যাবে। এভাবে অন্য কোনো দেশের ওপর জুড়ে বসাকে বলে দখলদার উপনিবেশ স্থাপন। যেমনটি আমরা দেখতে পাই প্রথমাংশে, দৃশ্যকল্পের 'A' নামক বিদেশি শক্তি 'B' নামক দেশ দখল করে শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করে। কিন্তু শাসনের চেয়ে তাদের উদ্দেশ্য ছিল পুঁজি পাচারের দিকে। সুতরাং বলা যায় 'A' শক্তিই 'B' দেশে উপনিবেশ প্রতিষ্ঠা করেছিল।

প্রশ্ন –১১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

আরাফাত একটি ঐতিহাসিক নাটক দেখছে। নাটকের কাহিনীতে দেখা যায়, একজন সম্রাটের বিরবদ্ধে বিভিন্ন ষড়যন্ত্র চলে। সম্রাটের কিছু আত্মীয়, তার পরিষদের কিছু সদস্য ও একটি বিদেশি কোম্পানি চক্রান্ত করে সম্রাটকে ৰমতাচ্যুত করার জন্য। অবশেষে কোম্পানির সৈন্যদের সাথে যুদ্ধে সম্রাটের সেনাপতির বিশ্বাসঘাতকতায় সম্রাটের পরাজয় ঘটে।

ক. ছিয়াত্তরের মন্বন্তরে মৃতের সংখ্যা কত ছিল? ১

খ. স্বদেশি আন্দোলনের কারণ কী? ২

গ. আরাফাতের দেখা নাটকটিতে বাংলার কোন সময়ের ইতিহাস প্রতিফলিত হয়েছে দেখাও। ৩

ঘ.উক্ত সময়ে কীভাবে বাংলায় ঔপনিবেশিক শাসনের সূত্রপাত হয়– বিশেরষণ কর। ৪

▸◂ ১১নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ছিয়াত্তরের মন্বন্তরে মৃতের সংখ্যা ছিল প্রায় এক কোটি।

খ. ১৯০৫ সালের বঙ্গভঙ্গই স্বদেশি আন্দোলনের কারণ।

১৯০৫ সালে ইংরেজরা বাংলাকে বিভক্ত করে দেয়। বাংলার এই বিভক্তিকে বাংলার মানুষ বিশেষ করে হিন্দু সমাজ অপছন্দ করে। বঙ্গভঙ্গ কার্যকর করা থেকে শাসকদের বিরত করার জন্যই তারা স্বদেশি আন্দোলন গড়ে তোলে।

গ. আরাফাতের দেখা ঐতিহাসিক নাটকটিতে বাংলার শেষ নবাব সিরাজউদ্দৌলার শাসনামলের সময়ের চিত্র প্রতিফলিত হয়েছে।

সিরাজউদ্দৌলা ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব। তিনি ছিলেন নবাব আলিবর্দী খানের দৌহিত্র। আলিবর্দী খান মৃত্যুর পূর্বে সিরাজকে উত্তরাধিকারী মনোনীত করে যান।

তিনি মাত্র ২২ বছর বয়সে মুর্শিদাবাদের সিংহাসনে আরোহণ তিনি মাত্র ২২ বছর বয়সে মুর্শিদাবাদের সিংহাসনে আরোহণ করেন। এ কারণে তার আত্মীয়স্বজনেরা অনেকেই ঈর্ষান্বিত হন। এ সূত্র ধরে অভিজাতদের একটি অংশ, নবাব দরবারের একটি অংশ এবং ইংরেজ বণিক গোষ্ঠী এ ষড়যন্ত্রে অংশ নেয়। নবাব ইংরেজদের দমন করার চিন্তা নিয়ে অগ্রসর হলেই যুদ্ধ শুরব হয়। যুদ্ধে নবাবের পৰে কেউ অগ্রসর হয়নি। নবাবের প্রধান সেনাপতি মীর জাফর আলী খানের বিশ্বাসঘাতকতায় নবাবের পরাজয় ঘটে।

উদ্দীপকের আরাফাত নাটকটিতে এ বিষয়টিই দেখেছে যে, সম্রাটের দরবারের কিছু লোক ও নিকটাত্মীয়রা ইংরেজদের যোগসাজশে বিরোধিতার ফলে সম্রাটের পরাজয় ঘটে।

ঘ. নবাব সিরাজউদ্দৌলার ৰমতাচ্যুতির মাধ্যমে ইংরেজরা ঔপনিবেশিক শাসনের সূত্রপাত করে।

সিরাজউদ্দৌলার সিংহাসন আরোহণ তার অন্য আত্মীয়স্বজনরা ভালোভাবে গ্রহণ করতে পারেনি। ফলে ইংরেজদের সাথে যুদ্ধে নবাব একাকী হয়ে পড়েন। তার বিরবদ্ধে তিন অপশক্তি ঐক্যবদ্ধ হয়। নবাবের রাজধানী হস্তগত করার জন্য ইংরেজ শাসকরা পলাশীর আম্রকাননে নবাবকে পরাজিত করার পরিকল্পনা গ্রহণ করে।

ইংরেজদের হাতকে শক্ত করে সিরাজউদ্দৌলার প্রধান সেনাপতি মীর জাফর। ফলে পলাশীর যুদ্ধে বাংলা–বিহার–উড়িষ্যার নবাব সিরাজউদ্দৌলার পরাজয় ঘটে। নবাবের পরাজয়ের সঙ্গে সঙ্গে বাংলার স্বাধীনতার অবসান ঘটে। শুরব হয় ঔপনিবেশিক শাসনের যুগ।

উদ্দীপকের ঘটনার আলোকে বলা যায়, প্রাচীন বাংলার নবাব ও শাসকদের অভ্যন্তরীণ কোন্দলের কারণেই ইংরেজরা বাংলায় নিজেদের ভিত ধীরে ধীরে মজবুত করে। যার ফলে বাংলায় শুরব হয় পরাধীনতার যুগ তথা ঔপনিবেশিক যুগ। এভাবে ইংরেজগণ নিজেদের একচেটিয়া বাণিজ্যিক সুবিধার পাশাপাশি রাজনৈতিক ৰমতা কুৰিগত করতে থাকে।

প্রশ্ন –১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

'ক' দেশে ১৭৫৭ সাল থেকে একটি বহিরাগত শক্তির শাসন প্রতিষ্ঠিত হয়। উক্ত বহিরাগত শক্তি 'ক' দেশ থেকে প্রচুর ধন–সম্পদ নিজ দেশে নিয়ে যায়। এক সময় উক্ত দেশের স্থানীয় জনগণ তাদের শাসনের বিরবদ্ধে বিৰুব্ধ হয়ে উঠলে তারা নিজ দেশে ফিরে যায়।

ক. বাংলায় স্বাধীন সুলতানি যুগ পর্ব কত বছর স্থায়ী হয়েছিল? ১

খ. বাংলায় ঔপনিবেশিক শাসনের একটি কারণ উলেরখ কর। ২

গ. 'ক' দেশে কিরূ প শাসনের বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.'ক' দেশে উক্ত বহিরাগত শক্তির আগমনের পূর্বে অন্য কোনো বহিরাগত শক্তির প্রবেশ ঘটেনি – তুমি কি বক্তব্যটি সমর্থন কর? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

▸◂ ১২নং প্রশ্নের উত্তর ▸◂

ক. বাংলায় স্বাধীন সুলতানি যুগ পর্ব দু'শ বছর স্থায়ী হয়েছিল।

খ. বিভিন্ন কারণে বাংলায় ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠিত হয়। এগুলোর মধ্যে একটি কারণ নিচে উলেরখ করা হলো–

বাংলার শাসকদের অভ্যন্তরীণ কোন্দল ও চক্রান্ত অনেক গভীর ছিল। তরবণ অনভিজ্ঞ সিরাজের পৰে তা মোকাবিলা করা সম্ভব হয় নি। ফলে বাংলায় ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠার পথ সুগম হয়।

গ. 'ক' দেশ তথা ভারতীয় উপমহাদেশে ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে। ১৭৫৭ সাল থেকে বাংলায় ইংরেজদের যে শাসন প্রতিষ্ঠিত হয় সাধারণত আমরা তাকে ঔপনিবেশিক শাসন বলি। সাধারণত কোন বিদেশি শক্তি কোনো দেশ দখল করে শাসন প্রতিষ্ঠা করলেই তাকে ঔপনিবেশিক শাসন বলা হয় না। ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্য হচ্ছে দখলদার শক্তি চিরস্থায়ীভাবে শাসন প্রতিষ্ঠা করতে আসেনা। তারা জানে একদিন এই শাসনের পাট উঠিয়ে তাদের ফিরে

যেতে হবে নিজ দেশে। তবে যতদিন শাসক হিসেবে থাকবে ততদিন সেই দেশের ধন-সম্পদ নিজদেশে পাচার করবে। তারপর যখন তাদের শাসনের বিরবদ্ধে স্থানীয় মানুষ বিবুধ্ধ হয়ে উঠবে বা অন্য কোনো কারণে অন্যের দেশ শাসন করা আর সুবিধাজনক মনে হবে না তখন নিজ দেশে ফিরে যাবে।

অনুরূ পভাবে উদ্দীপকেও দেখা যায়, 'ক' দেশে তথা ভারতীয় উপমহাদেশে ১৭৫৭ সাল থেকে একটি বহিরাগত শক্তির শাসন প্রতিষ্ঠিত হয়। উক্ত বহিরাগত শক্তি 'ক' দেশ থেকে প্রচুর ধন-সম্পদ নিজ দেশে নিয়ে যায়। এক সময় উক্ত দেশের স্থানীয় জনগণ তাদের শাসনের বিরবদ্ধে বিবুধ্ধ হয়ে উঠলে তারা নিজ দেশে ফিরে যায়। কাজেই বলা যায়, 'ক' দেশে ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে।

ঘ. 'ক' দেশে উক্ত বহিরাগত শক্তির আগমনের পূর্বে অন্য কোনো বহিরাগত শক্তির প্রবেশ ঘটেনি– বক্তব্যটি আমি সমর্থন করি না।

'ক' দেশটি হচ্ছে বাংলা এবং উক্ত বহিরাগত শক্তি হচ্ছে ইংরেজ। কেননা উদ্দীপকে দেখা যায়, ১৭৫৭ সাল থেকে 'ক' দেশে একটি বহিরাগত শক্তির শাসন প্রতিষ্ঠিত হয় যা বাংলায় ইংরেজদের শাসনকে নির্দেশ করে। তবে ইংরেজদের আগমনের অনেক আগে থেকেই বাংলায় বহিরাগত শক্তি প্রবেশ করেছিল। যেমন– খ্রিস্টপূর্ব যুগেই বহিরাগত আর্যরা বাংলায় প্রবেশ করেছিল। এরপর খ্রিস্টপূর্ব ৩ শতকে ভারতের মৌর্য সম্রাট মহামতি অশোক বাংলার উত্তরাংশ দখল করেন। মৌর্যদের পর ভারতে গুপ্ত সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। এরপর এগার শতকের শেষ দিকে বাংলা পুনরায় বহিরাগত শক্তি সেনাদের হাতে চলে যায়। তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খলজি সেন রাজা লৰণসেনকে পরাজিত করে বাংলার এক ছোট্ট অংশ দখল করেন। ১২০৬ সালে বখতিয়ার খলজির মৃত্যুর পর থেকে ১৩৩৮ সাল পর্যন্ত বাংলা জুড়ে মুসলিম শাসনের বিস্তার ঘটতে থাকে। ১৩৩৮ সালে সোনারগাঁওয়ের শাসনকর্তা ফখরউদ্দিন মুবারক শাহ দিলিরর মুসলমান সুলতানদের বিরবদ্ধে বিদ্রোহ করে স্বাধীনতা ঘোষণা করেন। এভাবে বাংলায় দু'শ বছরের স্বাধীন সুলতানি যুগ প্রতিষ্ঠিত হয়।

কাজেই আলোচনার শেষে বলা যায়, বাংলায় ইংরেজ শক্তির আগমনের পূর্বে বিভিন্ন বহিরাগত শক্তির প্রবেশ ঘটেছিল।

প্রশ্ন –১৩ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

নাঈম একজন গার্মেন্টস শ্রমিক। অনেক পরিশ্রমের পর সে যে বেতন পায় তা দিয়ে তার সংসার চালাতে হিমসিম খেতে হয়। অথচ তারই কারখানার মালিক মমিনুল ইসলাম নিজের নার্সারিতে পড়ুয়া মেয়েকে স্কুলে নেবার জন্য আলাদা একটি দামি গাড়ি কিনেছেন এবং মেয়ের ভবিষ্যৎ চিন্তা করে আরও কয়েকটি শিল্প প্রতিষ্ঠান স্থাপন করেছেন। এভাবে সম্পদ গড়তে শ্রমিকদের শোষণ করতেও তিনি কিঞ্চিত দ্বিধাবোধ করেন না।

ক. ওয়েস্টফালিয়ার চুক্তি কী? ১

খ. ভাস্কো-ডা-গামা ইতিহাসে বিখ্যাত কেন? ২

গ. উদ্দীপকের শোষিত নাঈমের সাথে বাংলায় আগত যে বহিরাগত বণিকদের শোষণনীতির সাদৃশ্য রয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ.মমিনুল ইসলামের শোষণনীতি ও উক্ত বহিরাগত বণিকদের শোষণনীতির তুলনামূলক আলোচনা কর। ৪

▶◀ ১৩ প্রশ্নের উত্তর ▶◀

ক. ১৬৪৮ সালে ইউরোপের যুদ্ধরত বিভিন্ন দেশের মধ্যে যে শান্তিচুক্তি হয়। তাকে ওয়েস্টফালিয়ার চুক্তি বলে।

খ. ভাস্কো-ডা-গামা একজন পর্তুগিজ নাবিক ছিলেন। তিনি ১৪৯৮ সালে ইউরোপ থেকে ভারতে আসার নতুন জলপথ আবিষ্কার করেন। এ জলপথ আবিষ্কারের ফলে ভারতের সাথে ইউরোপের সহজ যোগাযোগ স্থাপিত হয়। তাই ভাস্কো-ডা-গামা ইতিহাস বিখ্যাত হয়ে আছেন।

গ. উদ্দীপকের শোষিত নাঈমের সাথে বাংলায় আগত বহিরাগত ইউরোপীয় বণিকদের শোষণনীতির সাদৃশ্য রয়েছে।

উদ্দীপকের নাঈম গার্মেন্টসে চাকরি করে। তার মতো অনেক নারী-পুরবষ এদেশের শিল্পকারখানায় চাকরি করে। মালিকরা তাদের অনেক পরিশ্রম করায়। কিন্তু সেই তুলনায় তাদের পারিশ্রমিক দেয় না। এত পরিশ্রম করেও তারা মানবেতর জীবনযাপন করে। অনুরূ পভাবে ইউরোপীয় বণিকরা বাংলায় ব্যবসা বাণিজ্য করতে এসে স্থানীয় শ্রমিকদের প্রচুর খাটাতো এবং প্রচুর মুনাফা অর্জন করত। কিন্তু শ্রমিকদের সেই তুলনায় পারিশ্রমিক দিত না। পুঁজির জোর আর উন্নত কারিগরি জ্ঞানের সমন্বয় করে ক্রমে বিদেশি বণিকরা এদেশে স্থানীয় শ্রমিকদের খাটিয়ে বড় বড় শিল্পকারখানা স্থাপন করে প্রচুর মুনাফা অর্জন করতে থাকে। এক পর্যায়ে ইউরোপীয় বণিকরা বিভিন্ন স্থানে বাণিজ্যকেন্দ্র স্থাপন করে। এসব বাণিজ্যকেন্দ্রগুলো ব্যবসায়িকভাবে সাফল্য লাভ করে এবং তারা নিজেদের দেশে প্রচুর সম্পদ পাচার করে।

ঘ. উক্ত বহিরাগত বণিক হলো ইউরোপীয় বণিক। ইউরোপীয় বণিকদের শোষণনীতি বাংলার বণিকদের মধ্যে যথেষ্ট প্রভাব ফেলে ছিল। পুঁজির জোর আর উন্নত কারিগরি জ্ঞানের সমন্বয় করে ক্রমে বিদেশি বণিকরা এদেশে স্থানীয় শ্রমিকদের খাটিয়ে বড় বড় শিল্পকারখানা স্থাপন করে প্রচুর মুনাফা অর্জন করত। কিন্তু শ্রমিকদের ন্যায্যমূল্য দিত না। ইউরোপীয় বণিকদের বিভিন্ন শিল্প ফ্যাক্টরিতে ৭ থেকে ৮ শত লোক কাজ করত। অনুরূ পভাবে বাংলার বণিকরাও শ্রমিকদের প্রচুর পরিমাণে খাটিয়ে অনেক মুনাফা অর্জন করত। কিন্তু শ্রমিকদের নামেমাত্র টাকা দিত। যা ছিল ইংরেজদের শেখানো নীতি। বর্তমানে বাংলাদেশের বিভিন্ন শিল্পকারখানাগুলোতেও এরবপ নীতি অবলম্বনের অভিযোগ শোনা যায়। যেটি আমরা উদ্দীপকে বর্ণিত মমিনুল ইসলামের কারখানার ৰেত্রেও দেখতে পাই। তদুপরি বর্তমানে শিল্পকারখানাগুলোর অবস্থার অনেক পরিবর্তন ঘটেছে। বিচ্ছিন্ন কিছু ঘটনা শ্রমিকদের স্বার্থ বিপন্ন করলেও সামগ্রিক পরিস্থিতি ভালোর দিকেই ইঙ্গিত করে।

প্রশ্ন –১৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

নিলয় ইতিহাস বই পড়ে জানতে পারে একটি বিদেশি শক্তি বাংলাকে প্রায় ২০০ বছর শাসন করেছে। উক্ত বিদেশি শক্তি ১৭৫৭ সালে বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলাকে পরাজিত ও হত্যা করে বাংলার শাসন ৰমতা দখল করে।

ক. কত সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়? ১

খ. মুসলিম লীগ প্রতিষ্ঠার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে শাসনের কথা বিবৃত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ.বাংলায় উক্ত শাসনব্যবস্থার পরিণতি বিশেৱষণ কর। ৪

▶◀ ১৪নং প্রশ্নের উত্তর ▶◀

ক. ১৯০৬ সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়।

খ. মুসলমানরা তাদের দাবি-দাওয়া আদায়ের ৰেত্রে পিছিয়ে ছিল। যার ফলে তারা বিভিন্ন ৰেত্রে বঞ্চিত হয়। মুসলমানদের রাজনৈতিক দাবি-দাওয়া ইংরেজ শাসকদের কাছে তুলে ধরা এবং অধিকার আদায়ের জন্য মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়।

গ. উদ্দীপকে ব্রিটিশ শাসনের কথা বিবৃত হয়েছে।

উদ্দীপকে বর্ণিত নিলয় ইতিহাস বই পড়ে জানতে পারে একটি বিদেশি শক্তি বাংলাকে প্রায় দু'শো বছর শাসন করেছে। উক্ত বিদেশি শক্তি ১৭৫৭ সালে বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলাকে পরাজিত ও হত্যা করে বাংলার শাসন ৰমতা দখল করে যা বাংলায় ব্রিটিশ শাসনকে নির্দেশ করে।

১৭৫৭ সালের ২৩শে জুন নবাব সিরাজউদ্দৌলাকে পরাজিত করে ধূর্ত ইংরেজ সেনাপতি রবার্ট ক্লাইভ মীর জাফরকে নামেমাত্র নবাব বানিয়ে বাংলার মূল ৰমতা নিজ হাতে নিয়ে নেন। এরপর ১৮৫৮ সালে ভারত শাসন আইন জারির মাধ্যমে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে এবং ভারতের রাষ্ট্রৰমতা ব্রিটিশ রাজের হাতে ন্যাস্ত হয়।

ঘ. ব্রিটিশ শাসনব্যবস্থার পরিণতি নিচে বিশেৱষণ করা হলো :

বাংলায় ব্রিটিশদের পরিণতি ভালো হয় নি। এদেশের জনগণের স্বাধীনচেতা মনোভাবের কাছে তারা পরাজিত হয়ে বিতাড়িত হয়েছিল। দু'শ বছরের শাসন-শোষণ আর নির্যাতনের যাঁতাকলে পিস্ট হতে হতে এদেশের মানুষ সচেতন হয়ে উঠেছিল। হিন্দু-মুসলিম সকল সম্প্রদায়ের লোকেরা বুঝতে শিখেছিল তারা আমাদের শত্রব। তাদের কাছে আমাদের জীবন নিরাপদ নয়। এজন্য অসংখ্য বিদ্রোহ হয় তাদের বিরবদ্ধে। গড়ে ওঠে সশস্ত্র যুদ্ধবিদ্রোহ, গুপ্তহত্যা ইত্যাদি।

রাজনৈতিকভাবেও এদেশের মানুষ সচেতন হয়ে ওঠে। রাজনৈতিক দল গঠন এবং আন্দোলনের মাধ্যমে এদেশের মানুষ জানিয়ে দেয় যে, তারা স্বাধীনতা চায়। যার ফলে ১৯৪৭ সালে ইংরেজ সরকার এদেশ ছাড়তে বাধ্য হয়। বাংলার মানুষ স্বাধীনতা লাভ করে।

প্রশ্ন –১৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

১৮৫৮ সালের ২রা আগস্ট ব্রিটিশ পার্লামেন্টে একটি আইন পাস হয়। উক্ত আইন জারির মাধ্যমে বাংলায় কোম্পানি শাসনের অবসান ঘটে।

ক. দিলিরর কোন বাদশাহ সিপাহি বিদ্রোহকে সমর্থন জানিয়েছিলেন? ১

খ. কোম্পানি শাসনের অবসান ঘটে কীভাবে? ২

গ. উদ্দীপকে প্রতিফলিত আইনের ব্যাখ্যা দাও। ৩

ঘ.উক্ত আইনের অধীনে বাংলার সামাজিক অবস্থার চিত্র তুলে ধর। ৪

▶◀ ১৫নং প্রশ্নের উত্তর ▶◀

ক. দিলিরর বাদশাহ বাহাদুর শাহ জাফর সিপাহি বিদ্রোহকে সমর্থন জানিয়েছিলেন।

খ. সিপাহি বিপরবের প্রতিক্রিয়ায় ভারতবর্ষে কোম্পানি শাসনের অবসান ঘটে। ১৮৫৭ সালে ভারতীয় সৈনিকদের মাঝে অসন্তুষ্টি ছড়িয়ে পড়ে। এম প্রধান কারণ ছিল বৈষম্য। এতে ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহ দেখা দেয়। এর প্রতিক্রিয়ায় ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে।

গ. উদ্দীপকে প্রতিফলিত আইনটি হচ্ছে ভারত শাসন আইন। উদ্দীপকে দেখা যায়, ১৮৫৮ সালের ২রা আগস্ট ব্রিটিশ পার্লামেন্টে একটি আইন পাস হয় এবং উক্ত আইন জারির মাধ্যমে বাংলায় কোম্পানি শাসনের অবসান ঘটে যা ভারত শাসন আইনের সাথে সাদৃশ্যপূর্ণ।

ভারত শাসন আইন জারির ফলে ভারতের রাষ্ট্র ৰমতা ব্রিটিশ রাজের হাতে ন্যস্ত হয়। এর ফলে ব্রিটিশ মন্ত্রীসভা কর্তৃক একজন মন্ত্রীকে ভারত-সচিব পদে মনোনীত করা হয়। যিনি ১৫ সদস্যবিশিষ্ট পরামর্শক সভা বা কাউন্সিলের মাধ্যমে ভারত শাসনের ব্যবস্থা করবেন। এই আইন অনুসারে গভর্নর জেনারেলকে ভাইসরয় বা ব্রিটিশ রাজ প্রতিনিধি নামে অভিহিত করা হয়। লর্ড ক্যানিং প্রথম ভাইসরয় নিযুক্ত হন। এভাবেই ব্রিটিশ সরকার ভারতবর্ষের ওপর তাদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে।

ঘ. উক্ত আইন হচ্ছে ভারত শাসন আইন। ভারত শাসন আইনের অধীনে বাংলার সামাজিক অবস্থার চিত্র নিচে তুলে ধরা হলো :

১৮৫৮ সালে ব্রিটিশ পার্লামেন্টে ভারত শাসন আইন পাস হয়। এরপর বাংলার শাসন ৰমতা চলে যায় ব্রিটিশ সরকারের হাতে ব্রিটিশ শাসনকালে (১৮৫৮–১৯৪৭) বাংলার সমাজে একদিকে কৃষক, অন্যদিকে মুষ্টিমেয় জমিদার শ্রেণি অবস্থান করছিল। সমাজে কুটির ও ৰুদ্র শিল্পের সঙ্গে জড়িত মানুষের সংখ্যা যথেষ্ট ছিল না। বণিকগোষ্ঠী তেমন সংগঠিত ছিল না। শিল্পেও বাংলার অবস্থান উলেৰখ করার মতো ছিল না। নারী সমাজ ব্যাপকভাবে পিছিয়ে ছিল। মধ্যবিত্ত সমাজও ততটা শক্তিশালী হয়ে উঠতে পারেনি। ব্রিটেন এ সময়ে পৃথিবীর প্রধান ধনী দেশ হলেও উপনিবেশ হিসেবে আমাদের অবস্থান বেশ পিছিয়ে ছিল।

সৃজনশীল প্রশ্নব্যাংক

প্রশ্ন–১৬ ▶ বিউটি একটি ঐতিহাসিক নাটক দেখছে। নাটকের কাহিনীতে দেখা যায়, একজন সম্রাটের বিরবদ্ধে বিভিন্ন ষড়যন্ত্র চলে। একটি বিদেশি কোম্পানির সৈন্যদের সাথে যুদ্ধে সম্রাটের সেনাপতির বিশ্বাসঘাতকতায় সম্রাটের পরাজয় ঘটে। [বরিশাল সরকারি বালিকা বিদ্যালয়]

ক. ফরাসিরা কত সালে বাংলায় প্রবেশ করে? ১

খ. ইউরোপীয়দের জন্য বাজার সন্ধান গুরবত্বপূর্ণ হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বিউটির দেখা নাটকটিতে বাংলার কোন সময়ের ইতিহাস প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সময় কীভাবে বাংলায় ঔপনিবেশিক শাসনের সূত্রপাত হয় – বিশেৱষণ কর। ৪

প্রশ্ন–১৭ ▶ ইহিতাস ক্লাসে রায়হান সাহেব বাংলায় বিদেশি শাসনের কথা বলছিলেন। প্রশাসনিক নানা পরিবর্তনের মাধ্যমে তারা শাসক হিসেবে ভারতবর্ষে চেপে বসে থাকে। প্রায় দু'শ বছর শাসন করলেও তাদের উদ্দেশ্য ছিল মুনাফা অর্জন।

ক. কে বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন? ১

খ. দ্বৈতশাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন বিদেশি শাসনের কথা বলা হয়েছে তারা কীভাবে শাসন ক্ষমতা গ্রহণ করেছিল তা উল্লেখ কর। ৩

ঘ. বাংলার কৃষি ও তাঁত শিল্প ধ্বংসের জন্য উক্ত শাসকরাই দায়ী– বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

প্রশ্ন–১৮ ▶ রফিক স্যার ক্লাসে বাংলায় বিদেশি শাসনের বিস্তার নিয়ে আলোচনা করছিলেন। স্যার ছাত্রদের উদ্দেশ্য করে বললেন বাংলায় অনেক বিদেশি শক্তির আগমন ঘটলেও সবাই এখানে টিকে থাকতে পারেনি। তবে একটি কোম্পানি এদেশে ব্যবসা করতে এসে তারা সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়ে এবং দেশের শাসন ক্ষমতা দখল করে নেয়। নিজেদের স্বার্থে তারা এদেশের মানুষকে শোষণ করে।

ক. ভারত শাসন আইন পাশ হয় কত সালে? ১

খ. সিপাহি বিদ্রোহ কেন ব্যর্থ হয়েছিল? ২

গ. রফিক স্যার উদ্দীপকে যাদের কথা বলেছেন, তাদের শাসন আমলে বেশিরভাগ মানুষ ক্ষতিগ্রস্ত হলেও লাভবান হয়েছিল মুষ্টিমেয় জমিদার–পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শিক্ষা ও আধুনিক জ্ঞান–বিজ্ঞানে তাদের অবদান রয়েছে' – উক্তিটি মূল্যায়ন কর। ৪

প্রশ্ন–১৯ ▶ চায়ের আড্ডায় রনি ও জনির মধ্যে বিশ্ব অর্থনীতি সম্পর্কে আলোচনা হচ্ছিল। দ্বিতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হিসেবে চীনের আবির্ভাবে রনি বিস্ময় প্রকাশ করে। জনি বলে, পৃথিবীর স্বনামধন্য শিল্প প্রতিষ্ঠানগুলো গড়ে উঠেছে চীনে। এটি শুনে রনি বলে আমাদের দেশেও বহির্বিশ্বের অনেকেই শিল্প স্থাপন করেছিল। কিন্তু আমরা তো উন্নত হইনি। জনি বলে, ওরা আমাদের শোষণ করতে শিল্প স্থাপন করেছিল, আমাদের উন্নতির জন্য নয়।

ক. কত খ্রিষ্টাব্দে ইস্ট–ইন্ডিয়া কোম্পানি প্রতিষ্ঠিত হয়? ১

খ. বিদেশি বণিকদের ভারতে আসার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রনি কাদের কথা বলতে চেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কারণটিই বাংলাদেশ উন্নত হতে না পারার একমাত্র কারণ– বিশেৱষণ কর। ৪

প্রশ্ন–২০ ▶ নাইজার বদ্বীপ অঞ্চলে অক্সফার্ম কোম্পানির তেলের প্রধান পাইপ লাইন ধ্বংস করে দিয়েছে বিদ্রোহী গ্রুপ এসএলডি। এক বিবৃতিতে তারা বলেছে বহুজাতিক কোম্পানিগুলো এদেশের পুঁজিপতিদের সহায়তায় তেল সম্পদ লুটে নিচ্ছে। অথচ নাইজেরিয়ানদের খাদ্যের ব্যবস্থাটুকুও করছে না। এ খবরটি পড়ে রাজিয়ার দাদু বলে একটি বিদেশি শক্তিও এদেশের এরকম পরিণতি করেছিল। তবে বাঙালিরা তাদের বিরবদ্ধে রবখে দাঁড়িয়েছিল।

ক. কারা কলকাতাকে গুরবত্বপূর্ণ নগরী হিসেবে গড়ে তোলে? ১

খ. ব্রিটিশ শাসনামলে বাংলার নবজাগরণে কোন বিষয়গুলো ভূমিকা রেখেছিল? ব্যাখ্যা করো। ২

গ. রাজিয়ার দাদু তার বক্তব্যে কোন বিদেশি শক্তির প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলায় উক্ত বিদেশি শক্তির শাসন পদ্ধতি আলোচনা করো। ৪

অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

◘ জ্ঞানমূলক প্রশ্ন ---------- //

প্রশ্ন ॥ ১ ॥ মৌর্যদের পর ভারতে কোন সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়?

উত্তর : মৌর্যদের পর ভারতে গুপ্ত সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়।

প্রশ্ন ॥ ২ ॥ কখন উত্তর বাংলায় প্রথম বাঙালি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়?

উত্তর : সাত শতকে উত্তর বাংলায় প্রথম বাঙালি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়।

প্রশ্ন ॥ ৩ ॥ কার মৃত্যুর পর বাংলায় একশ বছর ধরে অরাজকতা চলতে থাকে?

উত্তর : রাজা শশাঙ্কের মৃত্যুর পর বাংলায় একশ বছর ধরে অরাজকতা চলতে থাকে।

প্রশ্ন ॥ ৪ ॥ মীর জাফর ও মীর কাশিমের আমলে বাংলার প্রচুর সম্পদ কোন দেশে পাচার হয়ে যায়?

উত্তর : মীর জাফর ও মীর কাশিমের আমলে বাংলার প্রচুর সম্পদ ইংল্যান্ডে পাচার হয়ে যায়।

প্রশ্ন ॥ ৫ ॥ সিরাজউদ্দৌলা কত বছর বয়সে সিংহাসনে বসেন?

উত্তর : সিরাজউদ্দৌলা ২২ বছর বয়সে সিংহাসনে বসেন।

প্রশ্ন ॥ ৬ ॥ বাংলা কত সালে ছিয়াত্তরের মন্বন্তর হয়?

উত্তর : বাংলা ১১৭৬ সালে ছিয়াত্তরের মন্বন্তর হয়।

প্রশ্ন ॥ ৭ ॥ 'ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' কত সালে বাংলায় প্রবেশ করে?

উত্তর : 'ডাচ ইস্ট–ইন্ডিয়া কোম্পানি' ১৬৩০ সালে বাংলায় প্রবেশ করে।

প্রশ্ন ॥ ॥ কখন বঙ্গভঙ্গ হয়?

উত্তর : ১৯০৫ সালে বঙ্গভঙ্গ হয় ।

প্রশ্ন ॥ ৮ ॥ ভারত শাসন আইন অনুযায়ী গভর্নর জেনারেলকে কী নামে অভিহিত করা হয়?

উত্তর : ভারত শাসন আইন অনুযায়ী গভর্নর জেনারেলকে ভাইসরয় বা ব্রিটিশ রাজ প্রতিনিধি নামে অভিহিত করা হয়।

প্রশ্ন ॥ ৯ ॥ ব্রিটিশরা কখন বাংলা প্রদেশকে দ্বিখন্ডিত করার পরিকল্পনা গ্রহণ করে?

উত্তর : ব্রিটিশরা ১৮৫৩ সালে বাংলা প্রদেশকে দ্বিখন্ডিত করার পরিকল্পনা গ্রহণ করে।

প্রশ্ন ॥ ১০ ॥ ১৭৯১ সালে কাদের জন্যে সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা করা হয়?

উত্তর : ১৭৯১ সালে হিন্দুদের জন্যে সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা করা হয়।

প্রশ্ন ॥ ১১ ॥ কলকাতা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?

উত্তর : কলকাতা বিশ্ববিদ্যালয় ১৮৫৭ সালে প্রতিষ্ঠিত হয়।

প্রশ্ন ॥ ১২ ॥ কে ১৭৮১ সালে কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন?

উত্তর : ওয়ারেন হেস্টিংস ১৭৮১ সালে কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন।

প্রশ্ন ॥ ১৩ ॥ ১৯০৩ সালে কে বাংলাকে দুই ভাগে ভাগ করার প্রস্তাব দেন?

উত্তর : ১৯০৩ সালে ইংরেজ ভাইসরয় লর্ড কার্জন বাংলাকে দুই ভাগে ভাগ করার প্রস্তাব দেন।

◘ অনুধাবনমূলক ---------- //

প্রশ্ন ॥ ১ ॥ ঔপনিবেশিক শাসন বলতে কী বোঝ?

উত্তর : কোনো দেশের উপর অন্য কোনো দেশের জুড়ে বসাকে দখলদারদের উপনিবেশ স্থাপন বলে। আর এই উপনিবেশে প্রতিষ্ঠা করা শাসনকে ঔপনিবেশিক শাসন বলা হয়।

প্রশ্ন ॥ ২ ॥ মাৎসন্যায়ের যুগ বলতে কী বোঝায়?

উত্তর : গুপ্তদের পতনের পর সাত শতকে উত্তর বাংলায় প্রথম বাঙালি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়। এ স্বাধীন রাজ্যের রাজা ছিলেন শশাঙ্ক। তবে শশাঙ্কের রাজত্ব দীর্ঘস্থায়ী ছিল না। শশাঙ্কের মৃত্যুর পর একশ বছর ধরে বাংলায় অরাজকতা চলতে থাকে। একেই সংস্কৃত ভাষায় মাৎসন্যায়ের যুগ বলা হয়।

প্রশ্ন ॥ ৩ ॥ চতুর্দশ শতকে ইউরোপীয়দের নিকট বাজার সন্ধান গুরুত্বপূর্ণ হয়ে ওঠে কেন?

উত্তর : ইউরোপীয়দের শক্তিশালী অর্থনৈতিক ব্যবস্থা ও সংগঠনগুলোর জন্য ইউরোপীয়দের নিকট বাজার সন্ধান গুরবত্বপূর্ণ হয়ে ওঠে। মূলত চতুর্দশ শতকে ইউরোপীয়দের অভ্যন্তরীণ অর্থনৈতিক ব্যবস্থা ও সংগঠনগুলো শক্তিশালী হতে শুরব করলে তাদের কাঁচামালের প্রয়োজন হয়। এছাড়া উৎপাদিত সামগ্রী বিক্রি করারও প্রয়োজন দেখা দেয়। ফলে তাদের জন্য বাজার সন্ধান গুরবত্বপূর্ণ হয়ে ওঠে।

প্রশ্ন ॥ ৪ ॥ স্বদেশি আন্দোলনের কারণ কী?

উত্তর : ১৯০৫ সালের বঙ্গভঙ্গই স্বদেশি আন্দোলনের কারণ।

১৯০৫ সালে ইংরেজরা বাংলাকে বিভক্ত করে দেয়। বাংলার এই বিভক্তিকে বাংলার মানুষ বিশেষ করে হিন্দু সমাজ অপছন্দ করে। বঙ্গভঙ্গ কার্যকর করা থেকে শাসকদের বিরত করার জন্যই তারা স্বদেশি আন্দোলন গড়ে তোলে।

প্রশ্ন ॥ ৫ ॥ ১৯৪৭ সালে ভারত বিভক্তির প্রাক্কালে বাংলা ভূখণ্ডের ঐক্য প্রচেষ্টা ব্যর্থ হওয়ার কারণ ব্যাখ্যা কর।

উত্তর : ১৯৪৭ সালে ভারত বিভক্তির প্রাক্কালে বেশ কিছু কারণে বাংলা ভূখণ্ডের ঐক্য প্রচেষ্টা ব্যর্থ হয়। ভারত বিভক্তির প্রাক্কালে বাংলা ভূখণ্ডকে ঐক্যবদ্ধ রাখার চেষ্টা হলেও ১৯৪৬ সালের নির্বাচন এবং কলকাতা ও নোয়াখালীর দাঙ্গা এ প্রচেষ্টাকে ব্যর্থ করে দেয়।

প্রশ্ন ॥ ৬ ॥ বাংলার জনগণ হিন্দু–মুসলমান পরিচয়ে বিভক্ত হয়ে পড়ে কেন?

উত্তর : ভারতীয় জাতীয় কংগ্রেস ও মুসলিম লীগের রেষারেষিতে বাংলার জনসাধারণ দ্বিধাবিভক্ত হয়ে পড়ে। অসাম্প্রদায়িক রাজনীতির ধারা থেকে কংগ্রেস ও মুসলিম লীগ দূরে সরে যায়। ১৯৪০ সালে মুসলিম লীগ দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে ভারত বিভক্তির ফর্মুলা প্রদান করে। ফলে বাংলার জনগণ হিন্দু মুসলমান পরিচয়ে বিভক্ত হয়ে পড়ে।